‘মি টু’ নিয়ে অবশেষে নীরবতা ভাঙলেন রাহুল

এই আন্দোলনে সমর্থন বম্বে হাইকোর্টের বিচারপতিদেরও, ব্যতিক্রম বিজেপির মধ্যপ্রদেশের মহিলা শাখার প্রধান

নয়াদিল্লি, মুম্বই, ভোপাল, ১২ অক্টোবর : সামাজিক মাধ্যমে ‘মি টু’ নিয়ে প্রবল হইচই শুরু হলেও এতদিন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি এ নিয়ে মুখে কুলুপ এঁটেছিলেন। কিন্তু শুক্রবার তিনি তাঁর নীরবতা ভেঙে যৌন কারণে লাঞ্ছিতাদের সমর্থনে এগিয়ে এলেন। শুধু তাই নয়, রাহুল বলেছেন, মহিলাদের মর্যাদা ও সম্মান দেওয়া শিখতে হবে সকলকে। যা সত্যি তা আরও উচ্চস্বরে না বললে পরিবর্তন আনা সম্ভব নয় বলেও মন্তব্য করেছেন।

তবে কেন্দ্রীয় মন্ত্রী ও একটি ইংরেজি দৈনিকের প্রাক্তন সম্পাদকের বিরুদ্ধে একাধিক মহিলা সাংবাদিক যৌন হেনস্থার যে অভিযোগ করেছেন, সে সম্পর্কে কোনও মন্তব্য করতে অস্বীকার করেছেন রাহুল। রাফাল ইস্যু নিয়ে আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনে কংগ্রেস সভাপতি এদিন বলেছেন, ‘মি টু’ তাঁর কাছে অনেক বড় বিষয়। পরে সাংবাদিক বৈঠক ডেকে তিনি যে এ সম্পর্কে আরও কিছু বলতে চান তাও জানিয়েছেন। প্রসঙ্গত, কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপির সাংসদ এবং একটি ইংরেজি দৈনিকের প্রাক্তন সম্পাদক এম জি আকবরের বিরুদ্ধে একাধিক মহিলা সাংবাদিক যৌন হেনস্থার অভিযোগ করেছেন।

ফলে চাপে পড়েছে কেন্দ্রীয় সরকার। আকবর এখন বিদেশ সফরে রয়েছেন। তাঁকে নাইজেরিয়া সফর কাটছাঁট করেই দেশে ফিরে আসতে নির্দেশ দিয়েছে বিজেপি হাইকমান্ড। বিজেপির এক মন্ত্রী শুক্রবার জানিয়েছেন, আকবরের বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে তা মারাত্মক। অবশ্য একইসঙ্গে তিনি বলেছেন, আকবরের বিরুদ্ধে কিন্তু কেউই কোনও আইনি মামলা করেননি। উল্লেখ্য, আকবরের ঘটনা সম্পর্কে কোনও মন্তব্য করতে অস্বীকার করেছেন বিজেপি সরকারের দুই প্রবীণ মহিলা মন্ত্রী সুষমা স্বরাজ ও নির্মলা সীতারামন।

একদা গান্ধি পরিবারের ঘনিষ্ঠ এমজি আকবর পরবর্তীকালে বিজেপিতে যোগ দেন। বৃদ্ধিজীবী-সাংবাদিক হিসেবে পরিচিত আকবরের বিরুদ্ধে মহিলা সাংবাদিকদের যৌন হেনস্থার অভিযোগ এতদিন অবশ্য বিশেষ শোনা যায়নি। তবে এবার বিজেপি নেতার বিরুদ্ধে একাধিক মহিলা সাংবাদিক অভিযোগ করেছেন। সুষমা স্বরাজ ও সীতারামন আকবরের বিরুদ্ধে কোনও মন্তব্য করতে অস্বীকার করলেও কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী স্মৃতি ইরানি বৃহস্পতিবার কিন্তু কর্মক্ষেত্রে মেয়েদের যৌন হেনস্থার বিরুদ্ধে মুখ খুলেছেন।

স্মৃতি বলেছেন, মেয়েরা অনেক স্বপ্ন নিয়ে কাজ করতে আসেন। তাঁদের জীবিকা অর্জনকেও তাই মর্যাদা দেওয়া উচিত। কর্মক্ষেত্রে তাদের যৌন হেনস্থা করা কখনওই উচিত নয়। যদিও আকবরের বিরুদ্ধেও কিছু বলতে তিনি অস্বীকার করে বলেছেন, আকবর নিজেই এর জবাব দেবেন।

কিন্তু বিজেপির জোটসঙ্গী শিবসেনা আকবরের অপসারণ দাবি করেছে। সেনার মুখপাত্র মণীষা কায়ান্ডে দাবি করেছেন, তিনি যতদূর জানেন ৫-৬ জন মহিলা সাংবাদিকের যৌন হেনস্থা করেছেন এম জি আকবর। এই ঘটনাগুলি অত্যন্ত উদ্বেগজনক। সেহেতু প্রধানমন্ত্রীর উচিত আকবরকে মন্ত্রিসভা থেকে সরিয়ে দেওয়া। মণীষার দাবি, প্রধানমন্ত্রী প্রায়ই ‘বেটি বচাও, বেটি পড়াও’-এর কথা বলেন। কাজেই নিজের ভাবমূর্তি ধরে রাখতেই প্রধানমন্ত্রীর উচিত, আকবরকে মন্ত্রিসভা থেকে এখনই সরিয়ে দেওয়া।

গত সপ্তাহ থেকেই ‘মি টু’ আন্দোলন ক্রমশ তীব্র হয়ে উঠছে। কারণ বিভিন্ন ক্ষেত্রের মেয়েরাই কর্মক্ষেত্রে তাঁদের যৌন হেনস্থার কথা বলছেন। আর তাঁদের এই বক্তব্যের সমর্থন মিলছে সমাজের সব স্তর থেকেই। যেমন মুম্বই হাইকোর্টের বিচারপতিরাও ‘মি-টু’কে সমর্থন করে বিবৃতি দিয়েছেন। বিচারপতি গৌতম পাটোল বলেছেন, ‘মি টু’ আন্দোলন দেশের এখনকার ল্যান্ডস্কেপ হয়ে উঠতে পারে। পিতৃতান্ত্রিক বিশ্ব যে মেয়েদের স্বাধীনভাবে কথা বলার অধিকার দেয় না, এই ঘটনা তারও প্রমাণ।

মুম্বইতে ইন্ডিয়ান মার্চেন্টস চেম্বারের মহিলা শাখা আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে বিচারপতি প্যাটেল মার্কিন অভিনেতা ও কমেডিয়ান বিল কসবি’র দৃষ্টান্ত তুলে ধরে বলেছেন, ১৯ বছর আগে ঘটে যাওয়া যৌন হেনস্থার ঘটনায় গত মাসে একটি মামলায় দোষী সাব্যস্ত হয়েছেন বিল। এটি নিছক একটি দৃষ্টান্ত। তবে কসবির দৃষ্টান্ত তুলে ধরেই ভারতেও বহুদিন আগে ঘটে যাওয়া যৌন হেনস্থার অভিযোগে মামলা দায়ের করা সম্ভব।

যে মহিলারা সাহস দেখিয়ে একথা বলতে পারছেন, তাঁরা এগিয়ে আসুন, বিচারপতি প্যাটেল তাঁদের সমর্থন করবেন বলেও মন্তব্য করেছেন। তবে তাঁর দাবি, অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় মহিলারা এগিয়ে আসতে ভয় পান। পিতৃতান্ত্রিক সমাজের দোহাই দিয়ে মেয়েদের স্বাধীনভাবে মুখ খুলতে না দেওয়ার ফলে যখন তাঁদের বলা উচিত, তখন তাঁরা তা বলতে পারেন না। এমনকি বিচার বিভাগেও যথেষ্ট বৈষম্য রয়েছে। তাও চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেন তিনি।

২০১৯-এর ডিসেম্বরের মধ্যে বম্বে হাইকোর্টে ১১ বিচারপতি অবসর নেবেন। সেখানে এখন পর্যন্ত মাত্র ৪ জনের নাম চূড়ান্ত হয়েছে। একজনও মহিলা বিচারপতি নেই বলে অভিযোগ করেছেন তিনি।

‘মি টু’ নিয়ে রাহুল গান্ধি ও বম্বে হাইকোর্টের বিচারপতিরা যখন সরব হয়েছেন তখন দেখা যাচ্ছে উত্তাল হয়ে উঠেছে বলিউডও। মুম্বইয়ের এক অভিনেত্রী প্রথম তাঁর ১১ বছর আগে ঘটে যাওয়া যৌন হেনস্থার কথা টুইট করে বলেন। সেই যৌন হেনস্থা করেছিলেন এক বিখ্যাত অভিনেতা। তারপর থেকেই আরও অসংখ্য অভিনেতা-অভিনেত্রী মুখ খুলেছেন।

জানা গেছে, ওই অভিনেতার অভিনীত একটি ছবির শ্যুটিং থেকে সরে দাঁড়িয়েছেন অক্ষয় কুমারের মতো অভিনেতাও। তবে ‘মি টু’ নিয়ে সমাজের সর্বস্তরের মানুষ যখন সরব তখন মধ্যপ্রদেশে বিজেপির মহিলা শাখার সভাপতি এই আন্দোলনকে স্বাগত জানালেও কিছু মহিলা সাংবাদিক ওই দলেরই এক কেন্দ্রীয় মন্ত্রী ও প্রাক্তন সম্পাদকের বিরুদ্ধে যে অভিযোগ করেছেন তা নিয়ে সন্দেহ প্রকাশ করেছেন। বিদেশ দফতরের প্রতিমন্ত্রী এম জে আকবরের বিরুদ্ধে ওঠা যৌন হেনস্থার অভিযোগ নিয়ে প্রশ্ন তুলে লতা কেলকার আকবরকে বাঁচাতে প্রচুর যুক্তি খাড়া করেছেন। একইসঙ্গে তিনি বলেছেন, ‘মি টু’ প্রচারকে তিনি স্বাগত জানাচ্ছেন। কিন্তু মহিলা সাংবাদিকদের তিনি এতটা নিরীহ মনে করেন না যে, তাঁদেরকেও অপব্যবহার করতে পারবে। এই অভিযোগের জন্য সরকারে আকবরের অবস্থান যদি নড়বড়ে হয়ে উঠতে চায় তবে তিনি কী করবেন, সেই প্রশ্নের জবাব দিতে অবশ্য অস্বীকার করেন লতা লতা বা স্মৃতি ইরানির মতো বিজেপির কিছু প্রথম সারির সদস্য এম জি আকবরের স্বপক্ষে কথা বললেও সরকার কিন্তু এই অভিযোগ সম্পর্কে একেবারে মুখে কুলুপ এঁটেছে।

এমনকি বিদেশমন্ত্রী স্বরাজ ও তাঁর দফতরের প্রতিমন্ত্রী সম্বন্ধে একটিও উত্তর দিতে চাননি। তবে বিদেশ থেকে ফেরার পর আকবর সম্পর্কে তারা কী মনোভাব নেন, সেটাই এখন দেখার।

স্বামী অগ্নিবেশের আবেদন খারিজ সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ১২ অক্টোবর : সমাজসেবী স্বামী অগ্নিবেশের আবেদন খারিজ করল সুপ্রিম কোর্ট। অসংগঠিত ক্ষেত্রে ৫০ কোটির কাছাকাছি শ্রমিকের ন্যূনতম বেতনের দাবিতে মামলা করেছিলেন স্বামী অগ্নিবেশ। অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের জন্য ন্যূনতম বেতন দাবি করে এই জনস্বার্থ মামলাটি দায়ের করা হয়। এই মামলার আবেদনে বলা হয়, অসংগঠিত ক্ষেত্রের ৫০ কোটি শ্রমিক এবং তাঁদের অধিকার ভারতীয় সংবিধানের ১৪ ধারা (সমতার অধিকার), ২১ ধারা (জীবন ও স্বাধীনতার সুরক্ষা) এবং ৩৯ ধারা (রাষ্ট্রের অনুসৃত নীতি) লঙ্ঘন করা হচ্ছে। কিন্তু বিচারপতিরা জনস্বার্থ মামলাটি খারিজ করে দিয়ে বলেন, এর ফলে তাদের স্বাধীনতা হরণ করা হচ্ছে না। তবে এ নিয়ে বিশদ আলোচনার কথাও বলেছেন বিচারপতিরা।

F.No. 1-9/SSME//PS/IND/2018-19/PF-I/2672
ANDAMAN & NICOBAR ADMINISTRATION
DIRECTORATE OF INDUSTRIES
PORT BLAIR
Date: 5th Oct, 2018

CORRIGENDUM

Following Amendments are made of Clause No.5 and 11 of the E-Tender Document NO.1-9/SSM&E/PS/IND/2018-19/PF-I/2405 dated 07/09/2018:

1. Under Clause 5- Mandatory Document a new sub clause (i) is added “The bidders are advised to download the technical Compliance Sheet and after filling in the Technical Compliance sheet, upload the same in the mandatory section”.
2. Under Clause 11-Technical Specifications and Standards, a new sub clause (c) is added “The bidder should indicate the proposed specification/make/brand of the quoted items in the Technical Compliance Sheet. Non submission of the Technical Compliance Sheet will result in disqualification of the bid treating the bid as non-responsive”.
3. All other Terms and Condition will remain same.

3405/18 Deputy Director

অল্পের জন্য রক্ষা পেল এয়ার ইন্ডিয়ার বিমান

ত্রিচি, ১২ অক্টোবর : এয়ার ইন্ডিয়ার দুবাইগামী বিমান অল্পের জন্য রক্ষা পেল। ত্রিচি বিমানবন্দরে বৃহস্পতিবার রাতে এই বিমানটি এটিসি-র সীমানার দেওয়ালে ধাক্কা মারে। তবে যাত্রীদের কোনও বিপদ ঘটেনি বলে জানা গেছে। ঘটনার সময় বিমানটি ১৩০জন যাত্রী নিয়ে রানওয়ে ছেড়ে আকাশে উঠছিল। সেই সময় বিমানের একটি অংশ এটিসি কম্পাউন্ডের দেওয়ালে ধাক্কা মারে। বিমানের ওই অংশটি ক্ষতিগ্রস্ত হওয়ায় তখনকার মতো ত্রিচি-দুবাই উড়ান স্থগিত রাখা হয়। প্রাথমিক সংস্কারের পর বিমানটি ফের মুম্বইয়ের উদ্দেশে উড়ে যায়। মুম্বই আন্তর্জাতিক বিমানবন্দরে দুবাইগামী এই বিমানটিকে অগ্নাধিকারের ভিত্তিতে নামানো হয়। সেখানে বিমানটির বিভিন্ন অংশ পুরোপুরি মেরামতির পর ফের আকাশে ওড়ার অনুমতি দেন কর্তৃপক্ষ। তবে দেওয়ালে ধাক্কা মারার ফলে কেউ হতাহত হননি বলে জানা গেছে।

তিতলির কারণে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় পুজো কমিটির কপালে ভাঁজ

কলকাতা, ১২ অক্টোবর : তিতলির কারণে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় পুজোকমিটিগুলির কপালে ভাঁজ। বৃহস্পতিবার ওড়িশায় আছড়ে পড়ার পর তিতলি অগ্রসর হয় পশ্চিমবঙ্গের দিকে। তখন থেকেই আবহাওয়া দফতর ঘুঁশিয়ারি দিচ্ছিল ৪৮ঘ ঘণ্টা রাজ্যের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে। দুই মেদিনীপুরে বৃহস্পতিবার মাঝরাত থেকে শুরু হয়েছে ভারী বৃষ্টি। ঝাড়গ্রাম সহ জঙ্গলমহলের একাধিক জায়গা তিতলির ফলে রীতিমতো বিপর্যস্ত। তবে দুই ২৪ পরগনায় বৃষ্টি শুরু হলেও এখনও পরিস্থিতি গুরুতর আকার নেয়নি। কলকাতাতেও বৃহস্পতিবার থেকে বৃষ্টি শুরু হয়। বৃষ্টির কারণে বড় বড় পুজোমণ্ডপগুলির মধ্যে অন্যতম সুরুচি সংঘে দর্শনার্থীদের প্রবেশ বন্ধ করে দেওয়া হয়। তবে ছাতা মাথায় দিয়ে মণ্ডপ থেকে মণ্ডপে ঘুরতে থাকেন দর্শনার্থীরা। আবহাওয়া দফতর অবশ্য জানিয়েছে, আবহাওয়ার উন্নতি হবে রবিবার থেকেই। রবিবার পঞ্চমী। সেদিন আবহাওয়ার উন্নতি হলে মণ্ডপে মণ্ডপে ভিড় যে ভেঙে পড়বে সেকথা বলাই বাহুল্য। তবে মুখ্যমন্ত্রীর সৌজন্যে এবার পুজোর উদ্বোধন হয়েছে অনেক আগেই। সে কারণে কলকাতা ও জেলা থেকে দর্শনার্থীরা আগেই মণ্ডপে মণ্ডপে ঘুরে বড় বড় ক্লাবের ঠাকুরগুলি দেখে নেবেন বলে আশা করেছিলেন। পুজোর আগে শুরু হয়ে গিয়েছিল সেরার লড়াইও। তবে পুজোর আগে তিতলি জল ঢালছে সব আশাতেই। প্রায় সব মণ্ডপেরই প্যান্ডেলে মূল কাঠামো তৈরি হয় বাঁশ ও কাঠ দিয়ে। থাকে ত্রিপল ও কাপড়। অতিরিক্ত ঝোড়ো হাওয়া ও বৃষ্টি যে বাঁশ ও কাঠকে ভিজিয়ে দিয়ে বিপদ ডেকে আনতে পারে সেই আশঙ্কাও থেকে যাচ্ছে। তাই মুখ্যমন্ত্রীর মতো সব মানুষের এখন একটাই প্রার্থনা, বৃষ্টি ছেড়ে যাক, খলমল করে উঠুক পুজোর দিনগুলি। আবহাওয়ার পূর্বাভাস মতো অবশ্য রবিবার বিকেল থেকেই আবহাওয়া হবে পরিষ্কার।

রাফাল চুক্তির জন্য রিলায়েন্সকে বাঁচানোর চেষ্টা ফরাসি সংস্থা দাসো’র

নয়াদিল্লি, ১২ অক্টোবর : রাফাল চুক্তি নিয়ে যে বিতর্ক তৈরি হচ্ছে, তার দায় এসে পড়েছে ভারতের রিলায়েন্স ডিফেন্সের উপরে। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি কার্যত সাংবাদিক সম্মেলন ডেকে বলে দিয়েছেন, দেশের মানুষের পকেট কেটে আম্বানিদের পকেটে ৪৫ হাজার কোটি টাকা তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী। এই বিতর্ক নিয়ে কার্যত মুখে আঙুল আম্বানিদের। ফরাসি সংস্থা অর্থাৎ যারা রাফাল বিমান তৈরি করে তারাও এতদিন চুপ করেছিল। তবে এবার আম্বানিকে বাঁচাতে এগিয়ে এল দাসো। ফরাসি মিডিয়ায় সম্প্রতি জানা গেছে, রাফাল তৈরির দায়িত্ব পাওয়া সংস্থা হল দাসু। মিডিয়া পার্ট নামে একটি অনুসন্ধানকারী ফরাসি ওয়েবসাইট সংস্থা দাবি করেছে, ২০১৭ সালের মে মাসে নাগপুরেই সংস্থার একটি অনুষ্ঠানে এসে দাসো। ডেপুটি সিইও লেইক সেগালেন কর্মীদের বলেছিলেন, রাফালের চুক্তি করতে হলে তাঁদের সামনে অলি আম্বানির সঙ্গে চুক্তি করা ছাড়া কোনও উপায় ছিল না। বিপুল অর্থ দিয়ে নরেন্দ্র মোদী সরকার ফ্রান্সের কাছ থেকে রাফাল বিমান কিনছে। চুক্তিটি হয়েছে অনিল আম্বানির রিলায়েন্সের সঙ্গে। তারাই দাসোর লোকাল পার্টনার। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি অভিযোগ করেছেন, কোটি কোটিপতি অনিল আম্বানি রিলায়েন্সের বিমান সংক্রান্ত কোনও অভিজ্ঞতা নেই। কীভাবে বিমান তৈরি করতে হয় তা-ও জানে না তাঁরা। অথচ এই চুক্তিটি তারাই স্বাক্ষর করল।

শঙ্কর আইএএস অ্যাকাডেমির প্রতিষ্ঠাতা ডি শঙ্করন আত্মঘাতী

মাইলাপোর ১২ অক্টোবর : শঙ্কর আইএএস অ্যাকাডেমির প্রতিষ্ঠাতা ও সিইও ডি শঙ্করন বৃহস্পতিবার আত্মঘাতী হন। তিনি মাইলাপোরের কৃষ্ণস্বামী এভিনিউতে তাঁর নিজের বাড়ির সিলিং ফ্যান থেকে গলায় দড়ি দিয়ে ঝুলে পড়েন বলে জানা গেছে। শঙ্করের মৃত্যুতে ধাক্কা খেল এই অঞ্চলের আইএএস পরীক্ষার প্রশিক্ষণের বিষয়টি। তাঁর ঘনিষ্ঠদের কাছ থেকে জানা গেছে, ঘটনাটি জানার পরই সঙ্গে সঙ্গে তাঁকে সিলিং থেকে নামিয়ে সরকারি রোয়াপেট্টা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ২০০৪ সালে মাইলাপোরের আন্নানগরে শঙ্করন শঙ্কর আইএএস অ্যাকাডেমি প্রতিষ্ঠা করেন। অল ইন্ডিয়া সিভিল সার্ভিসেস কোচিং সেন্টার হিসেবে এই আইএএস অ্যাকাডেমির খ্যাতি কিছুদিনের মধ্যেই ছড়িয়ে পড়ে। দূর দূর থেকে ছাত্রছাত্রীরা সেখানে প্রশিক্ষণ নিতে আসছেন।

শঙ্করনের মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পরই অ্যাকাডেমির ফেসবুকে গভীর দুঃখপ্রকাশ করে বলা হয়, “শঙ্কর আইএএস অ্যাকাডেমির প্রতিষ্ঠাতা শঙ্করন স্যার এই প্রতিষ্ঠানের অন্যতম স্তম্ভ ছিলেন। তিনি শিক্ষকের থেকেও অনেক বেশিকিছু ছিলেন। শঙ্করন স্যার নিজেই ছিলেন একটি প্রতিষ্ঠান। আইএএস হওয়ার স্বপ্ন দেখেন যারা, অনেকের কাছেই তিনি ছিলেন আশা-আকাঙ্খার প্রতীক। তিনি এই প্রতিষ্ঠানে প্রত্যেককেই সামনের দিকে এগিয়ে দিতেন। স্যারের অভাবে আমাদের আগামী দিনগুলি অত্যন্ত কষ্টকর হবে। আমাদের সঙ্গে এই বিপদের দিনে আশা করি সকলে থাকবে।” কেন শঙ্করন আত্মহত্যা করলেন, সেই প্রশ্নের সঠিক উত্তর এখনও মেলেনি। তবে অনেকেরই ধারণা, ৪৫ বছর বয়স্ক শঙ্করন সম্পূর্ণ ব্যক্তিগত কারণে এই আত্মহত্যা করেছেন। তাঁর আত্মহত্যার পর শঙ্কর আইএএস অ্যাকাডেমির ভবিষ্যৎ কী, তা নিয়েও প্রশ্ন উঠেছে।

চন্দ্রবাবু ঘনিষ্ঠ টিডিপি সাংসদের বাড়িতে আয়কর হানা

হায়দরাবাদ, ১২ অক্টোবর : টিডিপি সাংসদ সিএম রমেশের তেলেঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের দু’টি বাড়িতে শুক্রবার আয়কর বিভাগ অভিযান চালায়। হায়দরাবাদে এবং অন্ধ্রপ্রদেশের কাদাপ্পা জেলার পটলাদুরতিতে তাঁর দু’টি বাসভবনে একইসঙ্গে আয়কর হানা হয়। এছাড়া রমেশের কোম্পানি ঋত্বিক প্রজেক্টের অফিসেও অভিযান চালায় আয়কর বিভাগ। সেখানেও সকাল ৮টাতেই অভিযান শুরু হয়। আয়কর বিভাগের ৩০ জন অফিসার এই অভিযানে যোগ দেন।

প্রসঙ্গত, অন্ধ্রপ্রদেশের শাসকদল তেলুগু দেশম পার্টির রাজ্যসভার সাংসদ (টিডিপি) রমেশের দিল্লির সরকারি বাংলোতেও একই সময়ে আয়কর হানা হয়েছে বলে জানা গেছে। অন্ধ্রপ্রদেশের কাদাপ্পা জেলায় যে সময় আয়কর অফিসাররা হাজির হন, তখন সেখানে হাজির ছিলেন টিডিপি সাংসদ রমেশের ভাই সি এম সুরেশ। তল্লাশি চালানোর আগে সুরেশকে বাড়ি ছেড়ে চলে যেতে বলা হয়।

ICAR - CENTRAL ISLAND AGRICULTURAL RESEARCH INSTITUTE
aNDAMAN AND NICOBAR GROUP OF ISLANDS
BATHU BASTI, GARACHARMA PO., PORT BLAIR -744105, INDIA
FAX No. 03192-251068 Phone No: 250235, 250436
e-mail : skskss@gmail.com ; directorcaripb@gmail.com

F. No. 26-181/(307)/2016-Adm. Date: 06.10.2018

PUBLIC NOTICE

It is hereby informed to all concerned that the ASRB had conducted a LDC (DR) Exam – 2016 for all ICAR Institutes in computer based online mode on 24.02.2018 followed by a skill (typing) test on 08.09.2018. The results in respect of ICAR-CIARI, Port Blair have been finalised. The candidate recommended for appointment in ICAR-CIARI, Port Blair is:

Shri K. Errayya S/o Shri K. Vigneswara Rao - Roll No. 33400010 – 84.75 marks

In case of any query/ representation, the undersigned may be contacted on or before 31st October 2018 by 04:30 PM failing which the result as above shall be treated as final and binding on all and no further representation may be entertained by this Office in this regard.

(SUSHIL KUMAR SINGH)
3413/18 SENIOR ADMINISTRATIVE OFFICER